গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রশাসকের কার্যালয়
উপজেলা পরিষদ
চর রাজিবপুর, কুড়িগ্রাম।
www.charrajibpur.kurigram.gov.bd

## বিষয় ঃ উপজেলা পরিষদ, চর রাজিবপুর, কুড়িগ্রাম-এর মে'২০২৫ খ্রিঃ মাসের সাধারণ সভার কার্যবিবরণী।

**সভাপতি** ঃ জনাব মোঃ ফজলে এলাহী
প্রশাসক (অঃদাঃ), উপজেলা পরিষদ
চর রাজিবপুর, কুড়িগ্রাম।

**সভার তারিখ** ঃ ০৮ মে'২০২৫ খ্রিঃ।

**সভার সময়** ঃ সকাল ১০.০০ ঘটিকা।

**সভার স্থান** ঃ উপজেলা পরিষদ, চর রাজিবপুর, কুড়িগ্রাম-এর সভা কক্ষ।

সভায় উপস্থিত ও অনুপস্থিত সদস্যের তালিকা হাজিরা খাতায় সংরক্ষিত।

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। অতঃপর সভাপতি উপজেলা প্রকৌশলী-কে সভা পরিচালনা করার জন্য অনুরোধ করেন। সভাপতির অনুমতিক্রমে এজেন্ডা ভিত্তিক আলোচনা শুরু করা হয়।

আলোচ্য সূচী ঃ ১। গত এপ্রিল'২০২৫ খ্রিঃ মাসে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন।
২। বিভিন্ন দপ্তরের বিভাগীয় কার্যক্রম প্রসঙ্গে আলোচনা।
৩। বিবিধ।

**আলোচনা ও সিদ্ধান্ত** ঃ কোন সংশোধনী/আপত্তি না থাকায় এপ্রিল'২০২৫ খ্রিঃ মাসে অনুষ্ঠিত মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী সভায় সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়।

| ক্রঃ নং | বিভাগ/দপ্তরের নাম | আলোচ্য বিষয়বস্তু | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ০১ | **স্বাস্থ্য বিভাগ** | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা'র প্রতিনিধি, চর রাজিবপুর সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্ন হচ্ছে। তিনি আরও জানান রাজিবপুর হাসপাতালের এ্যাম্বুলেন্স নষ্ট। বিকল্প এ্যাম্বুলেন্স এখনও হাসপাতালে পৌছায়নি। ডাক্তার থেকে শুরু করে ওয়ার্ডবয় পর্যন্ত সকল পর্যায়ের জনবল ঘাটতি রয়েছে। | হাসপাতাল পরিস্কার-পরিচ্ছন্ন রাখা ও নিয়মিত ঔষধ সরবরাহসহ উন্নত চিকিৎসা ব্যবস্থা চালু করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা, চর রাজিবপুর। |
| ০২ | **পরিবার পরিকল্পনা বিভাগ** | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, চর রাজিবপুর সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্ন হচ্ছে। তিনি আরও জানান মোহনগঞ্জ ইউনিয়ন পরিষদের এর ভাড়া ভর্তুকি থেকে দেওয়া যায় কিনা এ বিষয়ে পরামর্শ কামনা করেন। মোহনগঞ্জ ইউনিয়নের আব্দুল মজিদ কমিউনিটি ক্লিনিক এর একটি রুম বরাদ্দ করা যায় কিনা সে বিষয়ে বিবেচনা করার জন্য অনুরোধ করেন। | পরিবার পরিকল্পনা বিভাগ পরিস্কার-পরিচ্ছন্ন রাখা ও ঔষধ সরবরাহসহ নারীদের উন্নত চিকিৎসা নিশ্চিত করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পঃ পঃ কর্মকর্তা, চর রাজিবপুর, চর কুড়িগ্রাম। |
| ০৩ | **কৃষি বিভাগ** | উপজেলা কৃষি অফিসার, চর রাজিবপুর সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্ন হচ্ছে। তিনি আরও জানান বোরো মৌসুমের বোরো ধান কর্তন চলমান। নতুন জাতগুলো সম্প্রসারণ করা হয়েছে। ৮০% ধান পেকে গেলে কর্তনের পরামর্শ দেয়া হচ্ছে। অনাবাদি জমিতে সবজি-পুষ্টি বাগান করার জন্য কাজ করা হচ্ছে। মাঠ পর্যায়ে এসএএওগণ কৃষকরে পরামর্শ প্রদান করছেন। বর্তমানে সারের কোন ঘাটতি নাই। সভায় বিস্তারিত আলোচনান্তে পার্শ্বে বর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়। | অনবাদি জায়গায় কৃষি ফসল উৎপাদন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা কৃষি অফিসার, চর রাজিবপুর। |

চলমান পাতা-২

| ক্রঃ নং | বিভাগ/দপ্তরের নাম | আলোচ্য বিষয়বস্তু | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ০৪ | **মৎস্য বিভাগ** | উপজেলা মৎস্য অফিসার, চর রাজিবপুর সভায় উপস্থিত না থাকায় উপজেলা মৎস্য বিভাগ সম্পর্কে কোন আলোচনা করা সম্ভব হলো না। | উপজেলা মৎস্য অফিসার-কে আগামী সভায় উপস্থিত থাকতে হবে। | উপজেলা মৎস্য অফিসার, চর রাজিবপুর |
| ০৫ | **প্রাণিসম্পদ বিভাগ** | উপজেলা প্রাণিসম্পদ অফিসার'র প্রতিনিধি, চর রাজিবপুর সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্ন হচ্ছে। গবাদি পশু পাখির চিকিৎসা, টিকা এবং কৃত্রিম প্রজনন কার্যক্রম চলমান। গবাদি পশু চিকিৎসা প্রদান ৮৩৫ টি, হাঁস-মুরগী চিকিৎসা প্রদান ৪৯১৩ টি চিকিৎসা প্রদান কার্যক্রম চলমান। কৃত্রিম প্রজনন করা হয়েছে ১২০ টি ও ৮৬২০ টি প্রাণীকে ভ্যাকসিন প্রদান করা হয়েছে। আসন্ন কোরবানী উপলক্ষে ২টি মেডিকেল টিম গঠন করা হয়েছে।<br>প্রাণিসম্পদ দপ্তরে মাটিতে পড়ে থাকা ৪টি গাছ নিলাম করা প্রয়োজন। এছাড়া অত্র দপ্তরে ঝুকিপুর্ণ ১৮টি গাছ কর্তন করা প্রয়োজন। যে কোন সময় ঝড়ে পড়ে অফিস ভবন ক্ষতিগ্রস্থ। অফিস ক্যাম্পাসের একটি বড় গর্ত মাটি দ্বারা ভরাট করা প্রয়োজন। কৃত্রিম প্রজনন সেডের ছাউনি নির্মাণ করা প্রয়োজন। সভায় বিস্তারিত আলোচনান্তে পার্শ্বে বর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়। | গবাদি পশু পালন খামারীদের নিয়মিত পরামর্শ ও তদারকি নিশ্চিত করার জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা, চর রাজিবপুর |
| ০৬ | **দুর্যোগ ব্যবস্থাপনা বিভাগ** | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, চর রাজিবপুর সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্ন হচ্ছে। তিনি আরও জানান পবিত্র ঈদ-উল আযহা উপললক্ষ্যে ভিজিএফ কর্মসুচির চাল বিতরণ করা হবে। ২০২৪-২৫ অর্থ বছরে ৩য় পর্যায় টিআর ও কাবিখা কার্যক্রম চলমান রয়েছে। ব্রীজ কালভার্ট, এইচবিবি, বন্যা আশ্রয় কেন্দ্র প্রকল্পের কাজ চলমান। সভায় বিস্তারিত আলোচনান্তে পার্শ্বে বর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়। | ০১। বিধি মোতাবেক এবং স্বচ্ছতা বজায় রেখে সকল কাজ সম্পন্ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।<br>০২। ট্যাগ অফিসারের উপস্থিতে ভিজিএফ চাল বিতরণ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, চর রাজিবপুর, কুড়িগ্রাম |
| ০৭ | **সমাজসেবা বিভাগ** | উপজেলা সমাজসেবা অফিসার সভায়, চর রাজিবপুর জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্ন হচ্ছে। তিনি আরও জানান ২০২৪-২৫ অর্থ বছরে বয়স্ক, বিধাব, অনগ্রসর ভাতা, বেদে জনগোষ্টির ভাতা, হিজরা বিশেষ ভাতা, প্রতিবন্ধী শিক্ষা উপবৃত্তি, অনগ্রসর শিক্ষা উপবৃত্তি ও বেদে গোষ্টীর শিক্ষা উপবৃত্তির ৪র্থ কিস্তি এপ্রিল/২৫ হতে জুন/২৫ এর পে-রোল হয়েছে।<br>অসচ্ছল প্রতিবন্ধী ভাতার পে-রোলের কাজ চলমান। লাইফ ভেরিফিকেশনে যারা উপস্থিত হননি তাদের বিষয়ে ০৮/০৫/২০২৫ তারিখ প্রতিবন্ধী ভাতা বাস্তবায়ন কমিটির সভা অনুষ্ঠিত হবে। সভায় বিস্তারিত আলোচনান্তে পার্শ্বে বর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়। | ২০২৪-২৫ অর্থ বছরে বিধি মোতাবেক ভাতাভোগী বাছাইয়ের লক্ষ্যে ট্যাগ অফিসার নিয়োগ করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | ০১। উপজেলা নির্বাহী অফিসার, চর রাজিবপুর<br>০২। উপজেলা সমাজসেবা অফিসার, চর রাজিবপুর |
| ০৮ | **প্রাথমিক শিক্ষা বিভাগ** | উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার, চর রাজিবপুর সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্ন হচ্ছে। তিনি আরও জানান প্রতিমাসে উপজেলা শিক্ষা অফিসার কর্তৃক ৫টি ও উপজেলা সহকারী শিক্ষা অফিসার কর্তৃক ১০ টি সরঃ প্রাঃ বিদ্যালয় পরিদর্শন চলমান। | বিদ্যালয়ে শিক্ষকদের উপস্থিতি ও মানসম্মত শিক্ষা ব্যবস্থা নিশ্চিত করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার, চর রাজিবপুর |
| ০৯ | **মহিলা বিষয়ক অধিদপ্তর** | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা'র প্রতিনিধি, চর রাজিবপুর সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্ন হচ্ছে। | বিধি মোতাবেক এবং স্বচ্ছতা বজায় রেখে সকল কাজ সম্পন্ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, চর রাজিবপুর |

চলমান পাতা-৩

| ক্রঃ নং | বিভাগ/দপ্তরের নাম | আলোচ্য বিষয়বস্তু | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ১০ | **যুব উন্নয়ন বিভাগ** | উপজেলা যুব উন্নয়ন অফিসার, চর রাজিবপুর সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্ন হচ্ছে। | বিধি মোতাবেক এবং স্বচ্ছতা বজায় রেখে সকল কাজ সম্পন্ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা যুব উন্নয়ন কর্মকতা, চর রাজিবপুর |
| ১১ | **প্রকৌশল বিভাগ** | উপজেলা প্রকৌশলী, চর রাজিবপুর সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্ন হচ্ছে। তিনি আরও জানান স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, উপজেলা-২ শাখার ২১/০৪/২০২৫ তারিখের ৪৬.০০.০০০০.০৮৫.২০.০০৪.২৩ (অংশ-১)-৮৫৭ নং স্মারক পত্র মোতাবেক অনগ্রসর উপজেলা বিবেচনায় মাননীয় উপদেষ্টার অভিপ্রায় অনুযায়ী বরাদ্দ উপখাত হতে কুড়িগ্রাম জেলার চর রাজিবপুর উপজেলায় পাবলিক লাইব্রেরী স্থাপনের জন্য উপজেলা পরিষদের অনুকুলে =৫৩,০০,০০০/- (তেপ্পান্ন লক্ষ) টাকা বরাদ্দ পাওয়া গেছে। আগামী ৩০ জুন ২০২৫ তারিখের মধ্যে প্রাক্কলিত ডিজাইন মোতাবেক প্রকল্প বাস্তবায়ন করে প্রকল্প বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন প্রেরণ করতে বলা হয়েছে। সময় স্বল্পতার কারণে সভার সিদ্ধান্ত মোতবেক বিধি অনুযায়ী কোটেশন/টেন্ডার আহবান করে উক্ত প্রকল্পটি বাস্তবায়ন করা যেতে পারে।<br>উপজেলা প্রকৌশলী সভায় আরও জানান যে, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, উপজেলা-২ শাখার ০৭/০৫/২০২৫ তারিখের ৪৬.০০.০০০০.০৮৫.২০.০০২.২৪(অংশ-১)-১১৪৯ নং স্মারক পত্র মোতাবেক চলতি ২০২৪-২৫ অর্থ বছরে বার্ষিক উন্নয়ন কর্মসুচিতে ''উপজেলা উন্নয়ন সহায়তা'' থোক বরাদ্দ হতে অত্র উপজেলার উপজেলা পরিষদের সভাকক্ষ ও অডিটরিয়ামের সৌন্দর্যবর্ধন, উপজেলা প্রকৌশলীর অফিস কক্ষ সৌন্দর্যবর্ধন, উপজেলা পরিষদের কোয়ার্টার মেরামত, সংস্কার ও রংকরণ, উপজেলা পরিষদ কম্পাউন্ড সৌন্দর্যবর্ধন এবং উপজেলা পরিষদ শিশু পার্ক মেরামত বাবদ =৪০,০০,০০০/- (চল্লিশ লক্ষ) টাকা বরাদ্দ পাওয়া গেছে। আগামী ৩০ জুন ২০২৫ তারিখের মধ্যে প্রকল্প বাস্তবায়ন করে প্রকল্প বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন প্রেরণ করতে বলা হয়েছে। সময় স্বল্পতার কারণে এবং উক্ত প্রকল্পে জরুরী বাস্তবায়ন করা আবশ্যক হেতু সভার সিদ্ধান্ত মোতবেক বিধি অনুযায়ী কোটেশন আহবানের (RFQ) মাধ্যমে উক্ত প্রকল্প বাস্তবায়ন করা যেতে পারে।<br>উপজেলা প্রকৌশলী সভায় আরও জানান যে, গত জুলাই-আগস্ট'২০২৪ সালে বৈষম্য বিরোধী আন্দোলনকারীরা রাজিবপুর হাট-বাজারের হাট অফিসে ভাংচুর করেছে। যেহেতু এ বছর অতিবৃষ্টি হচ্ছে। অতিবৃষ্টি হলে বিভিন্ন হাট-বাজারে পুরাতন হাট সেডে বৃষ্টির পানি পড়ে। অতিবৃষ্টি হলে রাজিবপুর হাট-বাজারের বিভিন্ন গলির কাঁচা রাস্তায় পানি জমে কাঁদার সৃষ্টি হওয়ার ফলে জনদুর্ভোগের সৃষ্টি হয়। নয়াচর হাট-বাজারের জায়গা নিচু হওয়ায় বন্যার পানিতে ডুবে যায়। ফলে নয়াচর হাট-বাজারে জনদুর্ভোগের সৃষ্টি হয়। | ০১। চর রাজিবপুর উপজেলায় পাবলিক লাইব্রেরী স্থাপনের লক্ষ্যে বিধি মোতাবেক কোটেশন/ টেন্ডার আহবান করে উক্ত কাজ বাস্তবায়ন করার জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।<br>০২। ২০২৪-২৫ অর্থ বছরে বার্ষিক উন্নয়ন কর্মসূচিতে ''উপজেলা উন্নয়ন সহায়তা'' থোক বরাদ্দ হতে অত্র উপজেলার উপজেলা পরিষদের সভাকক্ষ ও অডিটরিয়ামের সৌন্দর্যবর্ধন, উপজেলা প্রকৌশলীর অফিস কক্ষ সৌন্দর্যবর্ধন, উপজেলা পরিষদের কোয়ার্টার মেরামত, সংস্কার ও রংকরণ, উপজেলা পরিষদ কম্পাউন্ড সৌন্দর্যবর্ধন এবং উপজেলা পরিষদ শিশু পার্ক মেরামত কাজ কোটেশন আহবানের (RFQ) মাধ্যমে বাস্তবায়ন করার জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।<br>০৩। ২০২৪-২৫ অর্থ বছরে হাট-বাজারে জনসাধারণের চলাচলের সুবিধার্থে ও জনদুর্ভোগ রোধকল্পে হাট-বাজার উন্নয়ন ও রক্ষণাবেক্ষণ খাতের অর্থ হতে অত্র উপজেলাধীন পেরী-ফেরীভূক্ত হাট-বাজারসমূহে বর্ষাকালের পূর্বে প্রকল্প গ্রহণ ও বাস্তবায়ন করা আবশ্যক হেতু জনস্বার্থে বর্ণিত প্রকল্পসমূহের প্রাক্কলন প্রস্তুতপূর্বক PPR-২০০৮ বিধি মোতাবেক পিআইসি কমিটি ও কোটেশন | ০১। উপজেলা নির্বাহী অফিসার ও প্রশাসক (অঃদাঃ), চর রাজিবপুর<br>০২। উপজেলা প্রকৌশলী, চর রাজিবপুর, কুড়িগ্রাম। |

চলমান পাতা-৪

| ক্রঃ নং | বিভাগ/দপ্তরের নাম | আলোচ্য বিষয়বস্তু | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| | | কোদালকাটি হাট-বাজারে অফিস ঘর মেরামত, ড্রেন, নলকূপ স্থাপন ও হাটশেড সংস্কারকরণ ও বালিয়ামারী হাট-বাজারে হাটশেড সংস্কার করা দরকার।<br>সামনে বর্ষাকাল হাট-বাজারে জনসাধারণের চলাচলের সুবিধার্থে ও জনদুর্ভোগ রোধকল্পে ২০২৪-২৫ অর্থ বছরে হাট-বাজার উন্নয়ন ও রক্ষণাবেক্ষণ খাতের অর্থ হতে অত্র উপজেলাধীন পেরী-ফেরীভূক্ত হাট-বাজারসমূহে বর্ষাকালের পূর্বে প্রকল্প গ্রহণ ও বাস্তবায়ন PPR-২০০৮ বিধি মোতাবেক করা আবশ্যক। সময় স্বল্পতার কারণে জরুরী আবশ্যক হেতু জনস্বার্থে সভার সিদ্ধান্ত মোতাবেক নিম্ন বর্ণিত প্রকল্পসমূহ প্রাক্কলন প্রস্তুতপূর্বক পিআইসি কমিটি ও কোটেশন আহবানের (RFQ) মাধ্যমে কাজ বাস্তবায়ন করা যেতে পারে।<br>**প্রকল্পসমূহ ঃ**<br>**প্যাকেজ নং-০১ নিম্নরুপ ঃ**<br>০১। Repair & Renovation Work of Existing Meat Shop Shed at Rajibpur Bazar Growth Centre, Upazila - Char Rajibpur, District - Kurigram.<br>০২। Repair & Renovation Work of Existing FISH Shop Shed at Rajibpur Bazar Growth Centre, Upazila - Char Rajibpur, District - Kurigram.<br>০৩। Construction of Garbage PIT (04 Nos. PIT) & 01 Garbage Carrying Vehicle at different place of Rajibpur Bazar Growth Centre, Upazila - Char Rajibpur, District - Kurigram. [As per Attached PROVATI3 Garbage PIT Design]<br>০৪। Estimate of Supplying, fitting & fixing of Solar Street Light at different place of Rajibpur Bazar Growth Centre, Upazila - Char Rajibpur, District - Kurigram. [Attached Design]<br>**প্যাকেজ নং-০২ নিম্নরুপ ঃ**<br>০১। Repair & Renovation work of Rajibpur Hat Office Shed, Upazila - Char Rajibpur, District - Kurigram.<br>০২। Improvement of Rajibpur Cow Bazar Internal Road by HBB pavement, Upazila - Char Rajibpur, District - Kurigram.<br>**প্যাকেজ নং-০৩ নিম্নরুপ ঃ**<br>০১। Improvement of Rajibpur Bazar GC Internal Road from Aziz Cloth Store - Jute Market Road/Azahar's Shop by RCC pavement, Upazila - Char Rajibpur, District - Kurigram. (Part - A) | আহবানের (RFQ) মাধ্যমে কাজ বাস্তবায়ন করার জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।<br>০৪। হাট-বাজার উন্নয়ন ও রক্ষণাবেক্ষণ খাত হতে ২০১৭-১৮ ও ২০১৮-১৯ অর্থ বছরে রাজিবপুর হাট-বাজারে বাস্তবায়িত প্রকল্পের বকেয়া বিল ও জামানত যাচাই-বাছাই অন্তে জুন/২০২৫ এর মধ্যে বিল প্রদানের লক্ষ্যে ভূতাপেক্ষ অনুমোদনের জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | |

চলমান পাতা-৫

| ক্রঃ নং | বিভাগ/দপ্তরের নাম | আলোচ্য বিষয়বস্তু | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| | | **প্যাকেজ নং-০৪ নিম্নরূপ ঃ**<br>০১। Improvement of Rajibpur Bazar GC Internal Road from Thana More DBBL ATM - towards North Side to Sabina Enterprise (Seed's Shop) by RCC pavement, Upazila - Char Rajibpur, District - Kurigram.<br>**প্যাকেজ নং-০৫ নিম্নরূপ ঃ**<br>০১। Improvement of Rajibpur Bazar GC Internal Road from Sharmin Hotel - Volar Hotel (In front of BNP party Office) by RCC pavement, Upazila - Char Rajibpur, District - Kurigram.<br>০২। Improvement of Rajibpur Bazar GC Internal Road from RHD Road - Rajibpur Model GPS west Side Gate by RCC pavement, Upazila - Char Rajibpur, District - Kurigram.<br>০৩। Improvement of Rajibpur Bazar GC Internal Road from Aziz Cloth Store - Jute Market Road/Azahars Shop by RCC pavement, Upazila - Char Rajibpur, District - Kurigram. (Part - B)<br>**প্যাকেজ নং-০৬ নিম্নরূপ ঃ**<br>০১। Improvement of Rajibpur Bazar GC Internal Road from LGED High School Road (Al-Sadi Shop) - Asha Garments Shop Lane by CC pavement, Upazila - Char Rajibpur, District - Kurigram.<br>০২। Improvement of Rajibpur Bazar GC Internal Road from LGED High School Road (SAJU Varities Shop) - Al amin/Masum Cloth Store Lane by CC pavement, Upazila - Char Rajibpur, District - Kurigram.<br>২০২৪-২৫ অর্থ বছরে সময় স্বল্পতার কারণে সভার সিদ্ধান্ত মোতাবেক বর্ষাকালের পূর্বে প্রকল্প গ্রহণ ও বাস্তবায়ন PPR-২০০৮ বিধি মোতাবেক উক্ত প্রকল্প পিআইসি কমিটি ও কোটেশন আহবান পূর্বক বাস্তবায়ন করা যেতে পারে।<br>উপজেলা প্রকৌশলী, চর রাজিবপুর সভায় আরও জানান যে, হাট-বাজার উন্নয়ন ও রক্ষণাবেক্ষণ খাত হতে ২০১৭-১৮ ও ২০১৮-১৯ অর্থ বছরে রাজিবপুর হাট-বাজারে বাস্তবায়িত প্রকল্পের বকেয়া বিল ও জামানত ফেরৎ চাহিয়া বাস্তবায়িত প্রকল্প সভাপতি কর্তৃক আবেদন দাখিল করেছেন। দীর্ঘদিন করোনা থাকায় সময়ে সময়ে অফিস বন্ধ থাকায় নথিসমূহ এলোমেলো হওয়ায় নথিপত্র খুজে পাওয়া যায়নি। প্রকল্প সভাপতির আবেদনের প্রেক্ষিতে অনেক খোজাখুজির পর নথিপত্র পাওয়া যায় এবং বর্ণিত অর্থ বছরে প্রকল্প বাস্তবায়ন করা হয়েছে মর্মে নথি দৃষ্টে দেখা যায়। | | |

চলমান পাতা-৬

| ক্রঃ নং | বিভাগ/দপ্তরের নাম | আলোচ্য বিষয়বস্তু | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| | | রাজিবপুর হাট-বাজারে হাট-বাজার উন্নয়ন ও রক্ষণাবেক্ষণ খাত হতে বাস্তবায়িত প্রকল্পের বকেয়া বিল প্রদানের জন্য নথি যাচাই-বাছাইঅন্তে ভূতাপেক্ষ বিল অনুমোদন প্রয়োজন। যথি যাচাই-বাছাই ও বিল প্রদানের নিমিত্তে জুন/২০২৫ পর্যন্ত সময় বৃদ্ধির জন্য অনুরোধ জানান। সভায় বিস্তারিত আলোচনান্তে পার্শ্বে বর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়। | | |
| ১২ | **জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ** | সহকারী জনস্বাস্থ্য প্রকৌশলী, চর রাজিবপুর সভায় উপস্থিত না থাকায় উপজেলা জনস্বাস্থ্য বিভাগ সম্পর্কে কোন আলোচনা করা সম্ভব হলো না। | সহকারী জনস্বাস্থ্য প্রকৌশলী,চর রাজিবপুর-কে আগামী সভায় উপস্থিত থাকতে হবে। | সহকারী জনস্বাস্থ্য প্রকৌশলী, চর রাজিবপুর। |
| ১৩ | **সমবায় বিভাগ** | উপজেলা সমবায় কর্মকর্তা, চর রাজিবপুর সভায় উপস্থিত না থাকায় উপজেলা সমবায় বিভাগ সম্পর্কে কোন আলোচনা করা সম্ভব হলো না। | উপজেলা সমবায় কর্মকর্তা-কে আগামী সভায় উপস্থিত থাকতে হবে। | উপজেলা সমবায় কর্মকতা, চর রাজিবপুর |
| ১৪ | **পল্লী উন্নয়ন বিভাগ** | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, চর রাজিবপুর সভায় উপস্থিত না থাকায় উপজেলা পল্লী উন্নয়ন বিভাগ সম্পর্কে কোন আলোচনা করা সম্ভব হলো না। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা-কে আগামী সভায় উপস্থিত থাকতে হবে। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকতা, চর রাজিবপুর |
| ১৫ | **পরিবেশ ও বন বিভাগ** | ফরেস্টার, সামাজিক বনায়ন নার্সারী কেন্দ্র, চর রাজিবপুর সভায় উপস্থিত না থাকায় উপজেলা পরিবেশ ও বন বিভাগ সম্পর্কে কোন আলোচনা করা সম্ভব হলো না। | ফরেস্টার, সামাজিক বনায়ন নার্সারী কেন্দ্র, চর রাজিবপুর-কে আগামী সভায় উপস্থিত থাকতে হবে। | ফরেস্টার, উপজেলা সামাজিক বনায়ন নার্সারী, চর রাজিবপুর |
| ১৬ | **মাধ্যমিক শিক্ষা বিভাগ** | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, চর রাজিবপুর সভায় উপস্থিত না থাকায় উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগ সম্পর্কে কোন আলোচনা করা সম্ভব হলো না। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার-কে আগামী সভায় উপস্থিত থাকতে হবে। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, চর রাজিবপুর |
| ১৭ | **পরিষদের রাজস্ব তহবিল** | উপজেলা পরিষদের রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা'২০২০ মোতাবেক ২০২৪-২৫ অর্থ বছরে মে'২০২৫ খ্রিঃ মাসে নিম্নবর্ণিতভাবে খাত ভিত্তিক ও উপখাতে ব্যয় করা প্রয়োজন মর্মে সভায় উপস্থিত উপজেলা নির্বাহী অফিসার ও প্রশাসক (অঃদাঃ) উপজেলা পরিষদ, চর রাজিবপুর মতামত ব্যক্ত করেন। খাত ভিত্তিক ব্যয় সভায় অনুমোদনের জন্য উপস্থাপন করা হয়।<br>০১। মে'২০২৫ খ্রিঃ মাসের আপ্যায়ন বাবদ ব্যয় =৩০,০০০/- (ত্রিশ হাজার) টাকা।<br>০২। মে'২০২৫ খ্রিঃ মাসের অফিস আনুষাঙ্গিক (অপসেট পেপার, টিস্যু বক্স, ভিক্সল, এ্যারোসল, হারপিক, ক্যালকুলেটর, কলম ইত্যাদি) বাবদ ব্যয় =৫,০০০/- (পাঁচ হাজার) টাকা।<br>০৩। মে'২০২৫ খ্রিঃ মাসের অভ্যন্তরীণ যোগাযোগ বৃদ্ধি, বার্তা ও উপাত্তের আদান প্রদানে ইন্টারনেট ব্যবহার বাবদ ব্যয় =১৫,০০০/-(পনের হাজার) টাকা।<br>০৪। মে'২০২৫ খ্রিঃ মাসে ০১ (এক) জন মালি'র দৈনিক মজুরী (৫৫০×২৯ দিন) =১৫,৯৫০/- (পনের হাজার নয়শত পঞ্চাশ) টাকা।<br>০৫। মে'২০২৫ খ্রিঃ মাসের ০১ (এক) জন সুইপার'র দৈনিক দৈনিক মজুরী (৫৫০×২৯ দিন) =১৫,৯৫০/- (পনের হাজার নয়শত পঞ্চাশ) টাকা। | ২০২৪-২৫ অর্থ বছরে মে'২০২৫ খ্রিঃ মাসে বর্ণিত খাত ভিত্তিক ও উপখাতে উল্লেখিত টাকা উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে ব্যয় করার জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার ও প্রশাসক (অঃদাঃ), উপজেলা পরিষদ, চর রাজিবপুর |

চলমান পাতা-৭

| ক্রঃ নং | বিভাগ/দপ্তরের নাম | আলোচ্য বিষয়বস্তু | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| | | ০৬। উপজেলা পরিষদ চত্ত্বরে সার্বিক নিরাপত্তার জন্য নিয়োজিত আনসার-এর মে'২০২৫ খ্রিঃ মাসের বেতন =৮,২৫০/- (আট হাজার দুইশত পঞ্চাশ) টাকা।<br>০৭। মে'২০২৫ খ্রিঃ মাসের উপজেলা পরিষদের জীপ গাড়ি জ্বালানী ব্যয় =২০,০০০/- (বিশ হাজার আটশত) টাকা।<br>০৮। মে'২০২৫ খ্রিঃ মাসের পত্রিকা ব্যয় বিল =১,৩৬২/- (একহাজার তিনশত বাষট্টি) টাকা।<br>০৯। ২০২৪-২৫ অর্থ বছরে মশক নিধন কার্যক্রম বাস্তবায়নে ব্যয় =১০,০০০/- (দশ হাজার) টাকা।<br>১০। ২০২৪-২৫ অর্থ বছরে আসবাবপত্র ক্রয় বাবদ ব্যয় =১,০০,০০০/- (একলক্ষ) টাকা।<br>১১। ২০২৪-২৫ অর্থ বছরে মুদ্রণ ও প্রকাশনা বাবদ বকেয়া ব্যয় বিল =১,০০,০০০/- (একলক্ষ) টাকা।<br>১২। ২০২৪-২৫ অর্থ বছরে জরুরী প্রয়োজনে ভাঙ্গা রাস্তা মেরামত বাবদ ব্যয় =৮১,০০০/- (একাশি হাজার) টাকা।<br>১৩। ২০২৪-২৫ অর্থ বছরে উপজেলা পরিষদের কর্মচারীদের মে'২০২৫ খ্রিঃ মাসের মূল বেতনের ১০% এর সমপরিমাণ টাকা প্রদেয় ভবিষ্য তহবিল (সিপিএফ) হিসাবে প্রদান বাবদ ব্যয় =৫৮৩৮/- (পাঁচ হাজার আটশত আটত্রিশ) টাকা।<br>এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনান্তে পার্শ্বে বর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়। | | |
| ১৮ | **বিবিধ** | | | |
| ১৮ (১) | **রাজিবপুর ইউনিয়ন পরিষদ** | চেয়ারম্যান, রাজিবপুর ইউপি সভায় দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্ন হচ্ছে। তিনি আরও জানান জন্ম ও মৃত নিবন্ধন কার্যক্রম চলমান রয়েছে। বালিয়ামারী নিম্নমাধ্যমিক মাটি ভরাট করে খেলার মাঠ তৈরী করা প্রয়োজন। বালিয়ামারী জিঞ্জিরাম নদীতে ১০০ মি. একটি ব্রীজ নির্মাণ করা প্রয়োজন। ব্রীজটি নির্মাণ করা হলে দুটি উপজেলার সাথে সংযোগ চালু হবে এবং ৩০০০০ মানুষের চলাচলসহ কৃষি উন্নয়ন করার সুযোগ সৃষ্টি হবে। বিভিন্ন রাস্তায় বাড়ীর পার্শ্বে ঝুঁকিপুর্ণ মরা গাছ কর্তন করা প্রয়োজন। এ বিষয়ে উপজেলা নির্বাহী অফিসারের মাধ্যমে ফরেস্টার, সামাজিক বনায়ন নার্সারী, রাজিবপুর-এর দৃষ্টি আকর্ষন করেন।<br>অতিবৃষ্টির কারণে রাজিবপুর ইউনিয়নের ১-৯নং ওয়ার্ডের ভাঙ্গা রাস্তা জরুরী মেরামত করা প্রয়োজন। ভিজিডি অনলাইন কার্যক্রম চলমান আছে।<br>এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনান্তে পার্শ্বে বর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়। | বিধি মোতাবেক এবং স্বচ্ছতা বজায় রেখে সকল কাজ সম্পন্ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান, রাজিবপুর ইউপি, চর রাজিবপুর |
| ১৮ (২) | **কোদালকাটি ইউনিয়ন পরিষদ** | প্যানেল চেয়ারম্যান, কোদালকাটি ইউপি, চর রাজিবপুর সভায় দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্ন হচ্ছে। | বিধি মোতাবেক এবং স্বচ্ছতা বজায় রেখে সকল কাজ সম্পন্ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান, কোদালকাটি ইউপি, চর রাজিবপুর |

চলমান পাতা-৮

| ক্রঃ নং | বিভাগ/দপ্তরের নাম | আলোচ্য বিষয়বস্তু | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ১৮ (৩) | **মোহনগঞ্জ ইউনিয়ন পরিষদ** | চেয়ারম্যান, মোহনগঞ্জ ইউপি, চর রাজিবপুর সভায় দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্ন হচ্ছে। তিনি আরও জানান মোহনগঞ্জ ইউনিয়নের বড়বেড় অস্থায়ী পুলিশ ক্যাম্পে একটি নৌকা জরুরী প্রয়োজন। মোহনগঞ্জ ইউপি প্রশাসনিক কর্মকর্তা পদে জনবল না থাকায় কার্যক্রম ব্যহত হচ্ছে। মোহনগঞ্জ ইউনিয়ন পরিষদে ইউপি প্রশাসনিক কর্মকর্তার শুন্য পদে জনবল পদায়নের জন্য উপজেলা নির্বাহী অফিসারের মাধ্যমে উর্দ্ধতন কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষন করেন। গবাদি পশুর বিভিন্ন রোগবালাই প্রতিরোধের জন্য ভেটেরিনারী সার্জনের মাধ্যমে খামারীদের পরামর্শ প্রদানের জন্য অনুরোধ করেন। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনান্তে পার্শ্বে বর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়। | বিধি মোতাবেক এবং স্বচ্ছতা বজায় রেখে সকল কাজ সম্পন্ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান, মোহনগঞ্জ ইউপি, চর রাজিবপুর |
| ১৮ (৪) | **উপজেলা খাদ্য অধিদপ্তর** | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, চর রাজিবপুর সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্ন হচ্ছে। তিনি আরও জানান চলমান বোরো'২৫ মৌসুমে অত্র উপজেলায় ৪৭০ মে.টন সিদ্ধ চাল এবং ১৬৮ মে.টন ধান সংগ্রহের লক্ষ্যমাত্রা পাওয়া গেছে। মিলারগণ চাল সংগ্রহের জন্য ইতোমধ্যে চুক্তিপত্র সম্পাদন করেছেন। কৃষকের আগমনের মাধ্যমে ধান সংগ্রহ করা হবে। ধান বিক্রয়ে আগ্রহী কৃষক কর্তৃক কৃষকের এ্যাপে নিবন্ধনের সহযোগিতা করার জন্য উপজেলা কৃষি অফিসার এবং ইউপি চেয়ারম্যান মহোদয়গণ-কে অনুরোধ করেন। চলতি মাসে উপজেলা সদরে ২ জনএসডি'র খাদ্য গুদামে ৬৫০ মে.টন চাল মজুদ রয়েছে মর্মে জানান। | মানসম্মত খাদ্য শস্য সংগ্রহ করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, চর রাজিবপুর, কুড়িগ্রাম |
| ১৮ (৫) | **উপজেলা রিসোর্স সেন্টার** | ইন্সট্রাক্টর, উপজেলা রিসোর্স সেন্টার, চর রাজিবপুর সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্ন হচ্ছে। তিনি আরও জানান অত্র দপ্তরে বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে প্রশিক্ষণ পরিচালিত হবে। | বিধি মোতাবেক এবং স্বচ্ছতা বজায় রেখে সকল কাজ সম্পন্ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | ইন্সট্রাক্টর, উপজেলা রিসোর্স সেন্টার, চর রাজিবপুর |
| ১৮ (৬) | **নির্বাচন বিভাগ** | উপজেলা নির্বাচন কর্মকর্তা, চর রাজিবপুর সভায় উপস্থিত না থাকায় উপজেলা নির্বাচন বিভাগ সম্পর্কে কোন আলোচনা করা সম্ভব হলো না। | উপজেলা নির্বাচন কর্মকর্তা-কে আগামী সভায় উপস্থিত থাকতে হবে। | উপজেলা নির্বাচন কর্মকর্তা, চর রাজিবপুর |
| ১৮ (৭) | **হিসাবরক্ষণ বিভাগ** | উপজেলা হিসাবরক্ষণ অফিসার, চর রাজিবপুর সভায় উপস্থিত না থাকায় উপজেলা হিসাবরক্ষণ বিভাগ সম্পর্কে কোন আলোচনা করা সম্ভব হলো না। | উপজেলা হিসাবরক্ষণ অফিসার-কে আগামী সভায় উপস্থিত থাকতে হবে। | উপজেলা হিসাবরক্ষণ অফিসার, চর রাজিবপুর |
| ১৮ (৮) | **তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ (আইসিটি শাখা)** | সহকারী প্রোগ্রামার, চর রাজিবপুর সভায় উপস্থিত না থাকায় তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ সম্পর্কে কোন আলোচনা করা সম্ভব হলো না। | সহকারী প্রোগ্রামার, চর রাজিবপুর-কে আগামী সভায় উপস্থিত থাকতে হবে। | সহকারী প্রোগ্রামার, চর রাজিবপুর |
| ১৮ (৯) | **আনসার ও ভিডিপি দপ্তর** | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, চর রাজিবপুর সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্ন হচ্ছে। | বিধি মোতাবেক এবং স্বচ্ছতা বজায় রেখে সকল কাজ সম্পন্ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, চর রাজিবপুর, কুড়িগ্রাম। |
| ১৮(১০) | **পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ** | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা, চর রাজিবপুর সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে সম্পন্ন হচ্ছে। তিনি আরও জানান বোরো ও পাট ফসলের আনুমানিক হিসাব, মূল্য ও উৎপাদন খরচ জরিপ চলমান। | বিধি মোতাবেক এবং স্বচ্ছতা বজায় রেখে সকল কাজ সম্পন্ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা, চর রাজিবপুর |
| ১৮(১১) | **পল্লী সঞ্চয় ব্যাংক (আমার বাড়ি আমার খামার প্রকল্প)** | ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, চর রাজিবপুর সভায় উপস্থিত না থাকায় পল্লী সঞ্চয় ব্যাংকের কার্যক্রম সম্পর্কে কোন আলোচনা করা সম্ভব হলো না। | ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক-কে আগামী সভায় উপস্থিত থাকতে হবে। | ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, চর রাজিবপুর |

চলমান পাতা-৯

| ক্রঃ নং | বিভাগ/দপ্তরের নাম | আলোচ্য বিষয়বস্তু | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ১৮(১২) | **দারিদ্র বিমোচন বিভাগ** | উপজেলা দারিদ্র বিমোচন কর্মকর্তা, চর রাজিবপুর সভায় উপস্থিত না থাকায় উপজেলা দারিদ্র বিমোচন বিভাগ সম্পর্কে কোন আলোচনা করা সম্ভব হলো না। | উপজেলা দারিদ্র বিমোচন কর্মকতা, চর রাজিবপুর-কে আগামী সভায় উপস্থিত থাকতে হবে। | উপজেলা দারিদ্র বিমোচন কর্মকতা, চর রাজিবপুর |
| ১৮(১৩) | **তথ্য আপা ঃ (২য় পর্যায়)** | তথ্যসেবা কর্মকর্তা, তথ্য আপাঃ, চর রাজিবপুর সভায় উপস্থিত না থাকায় উপজেলা তথ্যসেবা অফিসের কার্যক্রম সম্পর্কে কোন আলোচনা করা সম্ভব হলো না। | তথ্যসেবা কর্মকর্তা, তথ্য আপা ঃ (২য় পর্যায়), চর রাজিবপুর-কে আগামী সভায় উপস্থিত থাকতে হবে। | তথ্যসেবা কর্মকর্তা, তথ্য আপা ঃ (২য় পর্যায়), চর রাজিবপুর |
| ১৮(১৪) | **পল্লী বিদ্যুৎ সমিতি** | ডেপুটি জেনারেল ম্যানেজার, রৌমারী জোনাল অফিস, জামালপুর পল্লী বিদ্যুৎ সমিতি সভায় উপস্থিত না থাকায় পল্লী বিদ্যুৎ সমিতির কার্যক্রম সম্পর্কে কোন আলোচনা করা সম্ভব হলো না। | ডেপুটি জেনারেল ম্যানেজার, রৌমারী জোনাল অফিস, জামালপুর পল্লী বিদ্যুৎ সমিতি-কে আগামী সভায় উপস্থিত থাকতে হবে। | ডেপুটি জেনারেল ম্যানেজার, রৌমারী জোনাল অফিস, জামালপুর পল্লী বিদ্যুৎ সমিতি |

১৮(১৫) উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান যে, রাজিবপুর পোস্ট অফিসের পূর্ব পার্শ্বে উপজেলা পরিষদের জায়গা বেআইনী ও অবৈধভাবে বেদখল করে অবৈধ স্থাপনা গড়ে তুলেছে। সরকারী সম্পত্তি কেউ অবৈধভাবে বেদখল করে রাখতে পারবে না। সরকারী জায়গা উদ্ধার করা প্রয়োজন। সভার সিদ্ধান্ত মোতাবেক উপজেলা পরিষদের বেদখলকৃত জায়গা বিধি মোতাবেক আইনানুগ ব্যবস্থা গ্রহণ পূর্বক উদ্ধার করা যেতে পারে।

১৮(১৬) চেয়ারম্যান, রাজিবপুর ইউপি উপজেলা নির্বাহী অফিসার মহোদয়ের আলোচনার সহিত একমত পোষণ করে সভায় জানান যে, রাজিবপুর পোস্ট অফিসের পূর্ব পার্শ্বে উপজেলা পরিষদের জায়গা অবৈধভাবে বেদখল করে অবৈধ স্থাপনা গড়ে তুলেছে। সরকারী সম্পত্তি কেউ অবৈধভাবে বেদখল করে রাখতে পারবে না। সরকারী জায়গা উদ্ধার করা প্রয়োজন। সভার সিদ্ধান্ত মোতাবেক উপজেলা পরিষদের বেদখলকৃত জায়গায় বিধি মোতাবেক অভিযান পরিচালনা করে উক্ত জায়গা উদ্ধার করা যেতে পারে। সভায় বিস্তারিত আলোচনান্তে নিম্ন বর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়।

সিদ্ধান্ত ঃ রাজিবপুর পোস্ট অফিসের পূর্ব পার্শ্বে উপজেলা পরিষদের বেদখলকৃত জায়গায় অভিযান পরিচালনা পূর্বক অবৈধ স্থাপনা ভেঙ্গে উক্ত জায়গা উদ্ধার করার জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।

বাস্তবায়নে ঃ ১। উপজেলা নির্বাহী অফিসার, চর রাজিবপুর, কুড়িগ্রাম।
২। সহকারী কমিশনার (ভূমি), চর রাজিবপুর, কুড়িগ্রাম।

১৮(১৭) উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান যে, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, উপজেলা-০১ শাখার ২৭/০৮/২০২৩ তারিখের ৪৬.০০.০০০০.০৪৬.১৮.১৫৭.২০-৪৬০ নং স্মারক পত্র মোতাবেক উপজেলা পরিষদের কর্মচারী (চাকুরী) বিধিমালা,২০১০ এর (অষ্টম অধ্যায়) বিধি ৪৬-৫৯ অনুসরণপূর্বক চর রাজিবপুর উপজেলা পরিষদে কর্মরত কর্মচারীদের প্রদেয় ভবিষ্য তহবিল (সিপিএফ) সংক্রান্ত হিসাব খোলার নির্দেশনা রয়েছে। উপজেলা পরিষদে কর্মরত কর্মচারীগণ প্রতিমাসে আহরিত মূলবেতনের ১০% এর সমপরিমাণ টাকা বেতন বিল হতে কর্তনপূর্বক প্রদেয় ভবিষ্য তহবিল (সিপিএফ) হিসাবে জমা করবেন এবং পরিষদ তাহার নিজস্ব তহবিল হতে সংশ্লিষ্ট কর্মচারীর মূল বেতনের ১০% এর সমপরিমাণ হারে টাকা প্রদেয় ভবিষ্য তহবিল (সিপিএফ) সংক্রান্ত প্রত্যেক হিসাবে জমা প্রদান করবে মর্মে নির্দেশনা রয়েছে। সভার সিদ্ধান্ত মোতাবেক অত্র চর রাজিবপুর উপজেলা পরিষদে কর্মরত কর্মচারীদের প্রদেয় ভবিষ্য তহবিল (সিপিএফ) সংক্রান্ত হিসাব খোলাসহ পরিষদের নিজস্ব তহবিল হতে সংশ্লিষ্ট কর্মচারীর মূল বেতনের ১০% এর সমপরিমাণ হারে টাকা প্রদেয় ভবিষ্য তহবিল (সিপিএফ) সংক্রান্ত প্রত্যেক হিসাবে জমা প্রদান করা যেতে পারে। সভায় বিস্তারিত আলোচনান্তে নিম্ন বর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়।

সিদ্ধান্ত ঃ (১) চর রাজিবপুর উপজেলা পরিষদে কর্মরত কর্মচারীদের প্রদেয় ভবিষ্য তহবিল (সিপিএফ) সংক্রান্ত হিসাব খোলার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।

(২) উপজেলা পরিষদে কর্মরত কর্মচারীগণ প্রতিমাসে আহরিত মূলবেতনের ১০% এর সমপরিমাণ টাকা বেতন বিল হতে কর্তনপূর্বক প্রদেয় ভবিষ্য তহবিল (সিপিএফ) হিসাবে জমা করবেন এবং পরিষদের নিজস্ব তহবিল হতে সংশ্লিষ্ট কর্মচারীর মূল বেতনের ১০% এর সমপরিমাণ হারে টাকা সংশ্লিষ্ট সিপিএফ হিসাবে জমা প্রদান করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।

বাস্তবায়নে ঃ ১। উপজেলা নির্বাহী অফিসার, চর রাজিবপুর, কুড়িগ্রাম।

চলমান পাতা-১০

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

০৮/০৫/২৫
(মোঃ ফজলে এলাহী)
প্রশাসক (অঃদাঃ)
উপজেলা পরিষদ
চর রাজিবপুর, কুড়িগ্রাম
ফোনঃ ০৫৮২৩-৫৬২২২

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
চর রাজিবপুর, কুড়িগ্রাম।
www.charrajibpur.kurigram.gov.bd

স্মারক নং-০৫.৪৭.৪৯০৮.০০০.০৩.০৫৯.২৪-৩৮৭

তারিখ ঃ ২৫ বৈশাখ ১৪৩১ বঙ্গাব্দ
০৮ মে ২০২৫ খ্রিষ্টাব্দ

**অনুলিপি সদয় অবগতি/অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হ'ল ঃ**

০১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, উপজেলা-১ শাখা, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। বিভাগীয় কমিশনার, রংপুর বিভাগ, রংপুর।
০৩। জেলা প্রশাসক, কুড়িগ্রাম।
০৪। উপজেলা ..........................................কর্মকর্তা, চর রাজিবপুর, কুড়িগ্রাম। তাঁকে সভার সিদ্ধান্ত অনুযায়ী তাঁর জন্য প্রযোজ্য অংশটুকুর বাস্তবায়ন প্রতিবেদন আগামী সভার মধ্যেই প্রেরণ করার অনুরোধ করা হলো।
০৫। ...................................................................................... কুড়িগ্রাম।
০৬। সহকারী প্রোগ্রামার, চর রাজিবপুর, কুড়িগ্রাম (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
০৭। চেয়ারম্যান, রাজিবপুর/কোদালকাটি/মোহনগঞ্জ ইউ.পি, চর রাজিবপুর, কুড়িগ্রাম।
০৮। অফিস কপি।

০৮/০৫/২৫
(মোঃ ফজলে এলাহী)
উপজেলা নির্বাহী অফিসার
চর রাজিবপুর, কুড়িগ্রাম
ফোন ঃ ০৫৮২৩-৫৬০০১
ই-মেইল ঃ unorajibpur@mopa.gov.bd